পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

**OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS**
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4079
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭৭৭/শা-২/প.

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## ২০২১ সনের মাস্টার্স ১ম পর্ব নিয়মিত, প্রাইভেট নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি।

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অধ্যক্ষ, ঢাকা কলেজ ও সরকারি ৭ (সাত) কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসকের সুপারিশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীরা নিয়মিত, প্রাইভেট নিয়মিত ও ২০১৮-১৯, ২০১৯-২০ শিক্ষাবর্ষে মাস্টার্স ১ম পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীরা অনিয়মিত (যারা মাস্টার্স ১ম পর্ব ২০১৯ এবং ২০২০ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি) এবং মানোন্নয়ন পরীক্ষার্থীদের ২০২১ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার ফরমপূরণ আগামী **২৭/০৪/২০২৬** তারিখে শুরু হবে। পরীক্ষার্থীদের অনলাইনে আবেদন ফরম পূরণ, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কার্যাবলি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

*** আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ:**

| পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরম পূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ | ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|
| **২৭/০৪/২০২৬ থেকে ১০/০৫/২০২৬ পর্যন্ত।** | **১২/০৫/২০২৬** |

### ২০২০-২১ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী):

| ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি | ক্র. নং | বিবরণ | নির্ধারিত ফি |
|---|---|---|---|---|---|
| ১ | এম.এ, এম.এস.এস, এম.বি.এস প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ১,৩৫০/- | ৪ | মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য (বিশেষ অন্তর্ভুক্তি ফি+ প্রতি পত্র হারে) | (৩০০+ ২০০ প্রতি পত্র) |
| ২ | এম.এস.এস (অর্থনীতি) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ১,৫৫০/- | | | |
| ৩ | এম.এস.সি প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ১,৬০০/- | ৫ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী কেন্দ্র- ৪৫০/- এবং কলেজ- ৩০০/-) | ৭৫০/- |
| | এম.এস.সি (গণিত) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ২,২০০/- | ৬ | ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১২০/- |
| | এম.এস.সি (পরিসংখ্যান) প্রতি পরীক্ষার্থীর জন্য ফি | ২,১৫০/- | ৭ | টিউটোরিয়াল পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ১৫০/- |
| ক্র. নং- ৫, ৬, ৭ এর ফি ঢাকা বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে না। | | | | | |

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি:**

**নিয়মিত, প্রাইভেট নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন শিক্ষার্থীর ক্ষেত্রে:**

(ক) ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত, প্রাইভেট নিয়মিত শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) ২০১৮-১৯, ২০১৯-২০ শিক্ষাবর্ষে ভর্তিকৃত যে সকল শিক্ষার্থী মাস্টার্স ১ম পর্ব ২০১৯ এবং ২০২০ সনের পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা উক্ত পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

(গ) ২০১৮-১৯, ২০১৯-২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থীদের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য রয়েছে তারা উক্ত পরীক্ষায় অনুপস্থিত/অকৃতকার্য পত্র বা পত্রসমূহে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

**উক্ত পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ ইতোমধ্যে উত্তীর্ণ হয়েছে (২০১৮-১৯ শিক্ষাবর্ষের পূর্বের শিক্ষার্থী) সেক্ষেত্রে যদি কোন শিক্ষার্থীর মাস্টার্স ১ম পর্ব পরীক্ষায় কোন পত্রে অকৃতার্য/অনুপস্থিত থাকে তাহলে শিক্ষার্থীপ্রতি ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জরিমানা (ফরমপূরণ ফি এর অতিরিক্ত) প্রদান সাপেক্ষে উক্ত পরীক্ষায় শুধুমাত্র অকৃতার্য/অনুপস্থিত পত্র/পত্রসমূহে অংশগ্রহণ করতে পারবে।**

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি:**

২০২১ সনের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে ইনকোর্স পরীক্ষার প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। ইনকোর্স পরীক্ষার নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট, ০২ (দুই) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির সভাপতির নিকট এবং ০১ (এক) কপি ইনকোর্স পরীক্ষার খাতাসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ হওয়া পর্যন্ত (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

৩। **অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম (এন্ট্রি ফরম) প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে (এন্ট্রি ফরম) পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই ফরম পূরণের শেষ তারিখ পর্যন্ত সংশোধন করতে পারবে এবং সংশোধন করার পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) প্রিন্টকৃত ফরমে শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **১০-০৫-২০২৬** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

৪। **কলেজের জন্য করণীয়:**

**অনলাইনে আবেদন ফরম পূরণ ভেরিফাই ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

**ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের** (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ **লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে** থাকলে এবং শিক্ষার্থী **২০২১ সনের মাস্টার্স ১ম পর্ব** পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী (পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী) পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৫। ফি জমাদানের নিয়মাবলীঃ

২০২১ সালের মাস্টার্স ১ম পর্ব পরীক্ষার সকল পরীক্ষার্থীদের পরীক্ষার ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "Seven College Student fees" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় **(A/C Payee)** হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-**33011288** (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় **১২/০৫/২০২৬** তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

৭। বিবিধঃ

ক) পরীক্ষার্থীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশ পত্র প্রদর্শন করতে হবে।

খ) পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে/প্রবেশপত্রে উল্লিখিত নির্দিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিষয়/পত্র কোড -এ আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) একজন পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে অন্য পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

আপনার বিশ্বস্ত

(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী) 21 APR 2026

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

ঢাকা বিশ্ববিদ্যালয়

E-mail: examcontrollera7c@du.ac.bd

21.04.2026 21.04.26